



নম্বর- ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.২৩৯

তারিখ: ০২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

প্রাপক: যুগ্মসচিব (বাজেট ও অনুদান),
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ **উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন প্রসংগে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ৬ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নলিখিত ০৩ (তিন) টি উদ্ভাবনী উদ্যোগের তালিকা প্রস্তুত করা হয়:

- (১) দুঃস্থদের সহায়তার জন্য ডিজিটাল পদ্ধতিতে অনুদান প্রদান;
- (২) ২০২০ সালের নিবন্ধিত হজ যাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন রিফান্ড সিস্টেম; এবং
- (৩) হজ এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট।

০২। উল্লিখিত ০৩ (তিন) টি উদ্ভাবনী উদ্যোগের মধ্য হতে (১) নম্বর ক্রমিকে বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ “দুঃস্থদের সহায়তার জন্য ডিজিটাল পদ্ধতিতে অনুদান প্রদান”-এর পাইলটিং বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০৩। উক্ত উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতঃ পূর্ণাঙ্গ প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সংস্কার শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করছি।

০৪। উল্লেখ্য যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর ৬ নম্বর অনুচ্ছেদের লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখের মধ্যে উল্লিখিত উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং ১ মার্চ ২০২১ তারিখের মধ্যে উক্ত বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং মূল্যায়ন করতে হবে।

আপনার বিশ্বস্ত

(মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)

সহকারী সচিব

ফোন: ৯৫৪০৫৮৯

e-mail: moragovbd@gmail.com

নম্বর- ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২০.২৩৯

তারিখ: ০২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিব (সমন্বয় ও সংস্কার)-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব সমন্বয় ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপসচিব (সমন্বয় ও সংস্কার)-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি/মাস্টার ফাইল।

(মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব